# LearnEng with Shahan

## Preli-Prep: English Exclusive

## Language

# Noun

সংজ্ঞা: যে শব্দ দ্বারা কোন ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী, ইত্যাদি যে কোন কিছুর নাম বুঝায় তাকে noun বলে

যথা:

| **Persons** | **Place** | **Things** | **Ideas** | **সংস্থা/প্রতিষ্ঠান** |
|---|---|---|---|---|
| Professor | City | Baseball | leadership | UNO |
| Shingda | Dhaka | Pole | cowardice | Admission+ |
| Russel | London | Ivanhoe | liberty | BUET |
| Family | Bangladesh | | | DU |

**Classification of Noun**

Noun can be classified in different ways.

From general sense:
1) Concrete noun
2) Abstract noun

Concrete nouns are again of four kinds:
1) Proper noun
2) Common/class noun
3) Collective/group noun
4) Material/mass noun

From modern sense:
1) Countable noun or unit noun
2) Uncountable or mass noun

From J C Nesfield:
1) Proper noun
2) Common noun
3) Collective noun

LearnEng with Shahan
Your English Planet

4) Material noun

5) Abstract noun

**Note:** পরীক্ষায় যদি প্রশ্ন আসে Noun কত প্রকার, তাহলে উত্তর হবে ৫ প্রকার। যদি প্রশ্ন আসে প্রধানত কয় প্রকার, তাহলে উত্তর হবে ২ প্রকার।

## Proper Noun: (নির্দিষ্ট নাম বাচক)

যে noun দ্বারা নির্দিষ্টভাবে কোন ব্যক্তি, বস্তু, স্থান, সংস্থা, প্রতিষ্ঠান, পদবি ইত্যাদি বুঝান হয় তাকে proper noun বলে। যথা:

| Persons | place | things | River | Sea/Ocean | Organization |
|---|---|---|---|---|---|
| Meherun<br>Tisha<br>James<br>Oli<br>Emdad | Dhaka<br>London<br>New York<br>England<br>Kolkata | Ivanhoe<br>Econo<br>S. Alam<br>Volvo<br>Mitsubishi | (the) Padma<br>(the) Thames<br>(the) Meghna<br>(the) Thames | (the)Mediterranean<br>(the) Bay of Bengal<br>(the) Red sea<br>(the) Atlantic | DU<br>BUET<br>RU<br>Oxford |

LearnEng with Shahan
Your English Planet

**Note 1**: Proper noun এর আগে article বসবে না।

The Meherun came here. (wrong)

Meherun came here. (Right)

**Note 2**: Proper noun এর প্রথম অক্ষর capital হবে।
meherun came here. (wrong)
Meherun came here. (Right)

**Note 3**: Proper noun plural - এ ব্যবহৃত হয় না।
Rahims came here. (wrong)
Rahim came here. (Right)

নিচের বিদেশি শব্দগুলোকে লক্ষ্য করুন:

| | | | |
|---|---|---|---|
| James<br>Keats | Petersons<br>Socrates | Roberts<br>Hades | Hopkins<br>Thales |

অর্থাৎ এ নামগুলোর সাথে সব সময় থাকে। এs plural এর নয়।

এবার নিচের বইগুলোর দিকে লক্ষ্য করুন:

Gulliver's Travesl Sherlock Homes

এবার নিচের দেশ/সংস্থাগুলোর প্রতি লক্ষ্য করুন:

| | | |
|---|---|---|
| United States<br>United Emirates | United Nations<br>Commonwealths | Lever Brothers |

কিছু কিছু দেশ Proper noun হওয়া সত্ত্বেও Plural এ ব্যবহৃত হয়। এসব দেশ এর আগে the থাকে।

The Netherlands নেদারল্যান্ড/হল্যান্ড

The Maldives - মালদ্বীপ

The Hague - হল্যান্ডের রাজধানী

The Philippines - ফিলিপাইন

The Sudan সুদান (একটি আফ্রিকার দেশ)।

The Yemen (ইয়েমেন)

LearnEng with Shahan
Your English Planet

নিচের শব্দগুলো কেবল একটি। তাই এগুলোকে proper noun হিসেবে ব্যবহার করা যায়। এদের প্রথম অক্ষর উভয় letter হয়।

| | | |
|---|---|---|
| Earth<br>Or<br>earth | Sun<br>Or<br>sun | Moon<br>Or<br>moon |

Proper noun দ্বারা অনেক সময় স্বামী-স্ত্রী-দম্পতি বুঝায়। এক্ষেত্রে husband এর নামের আগে the এবং উক্ত নামের plural form ব্যবহাত হবে।

Rahman রহমান

The Rahmans – রহমান + তার স্ত্রী

The Nahids - come to the party.
A. has
B. have
C. is
D. was

ব্যাখ্যা: এ বাক্যে verb হিসেবে have বসবে কারণ সাধারণ proper noun এর পর singular verb বসলেও এখানে plural অর্থ দিচ্ছে। Nahids নাহিদ তার স্ত্রী।

**Note:**

Mr. Rahim - একজন ব্যক্তি

The Rahims রহিম ও তার স্ত্রী

Miss Rahim - রহিমের বোন

Mrs Rahim রহিমের স্ত্রী

LearnEng with Shahan
Your English Planet

He is my mum. (Common)
Mum, how are you.? (Proper)
Mrs Ketty is her auntie, (common)
Auntie, where has Shelley gone? (Proper)
Uncle Rahman ইত্যাদি।

ঋতুর নাম proper noun হিসেবে বিবেচিত হয়।
spring or Spring
Winter or winter.

## Lord & God

God ও Lord ঈশ্বর বা সৃষ্টিকর্তা অর্থে ব্যবহৃত হলে তা proper noun. এদের প্রথম বর্ণ Capital letter দিয়ে শুরু হয়। আর যখন God অর্থ দেবতা এবং Lord অর্থ প্রভু বা শাসনকর্তা তখন এরা common noun.

**God** helps those who help themselves.
proper
Immortal **gods** look hand. (Luncheon by Maugham)
Common

**Lord** save you.
Proper

You are my **lord.**
Common

### Proper Nouns with Article:

A) Proper noun এর আগে সাধারণত article বসে না।
The Nazrul is a great poet. (wrong)
Nazrul is a great poet. (right)

B) কিন্তু যখন proper noun দ্বারা একটির সাথে অপরটির তুলনা বুঝায় তখন যার সাথে তুলনা করা হয় তার নামের আগে article 'the' বসে।

নজরুলকে বাংলাদেশের শেলি বলা হয় *Nazrul is called Shelly of Bangladesh.
Nazrul is called the Shelly of Bangladesh.

LearnEng with Shahan
Your English Planet

**Explanation:**

Nazrul বাংলাদেশের কবি, Shelly ইংল্যান্ডের কবি। দুটিই proper noun. কিন্তু এখানে Nazrul কে শেলীর সাথে তুলনা করা হচ্ছে তাই এটির আগে article বসেছে।

However, in the sentence **Shelly** became a common noun.
একটি proper noun দ্বারা অন্য আরেকটি proper noun এর সাথে তুলনা বুঝালে দ্বিতীয়টির আগে the বসে।
Nazrul is the Byron of Bangladesh.
ব্যাখ্যা: Byron হলেন ইংল্যান্ডের বিখ্যাত রোমান্টিক কবি। আসল নাম Lord Byron.
আবার, Nazrul হলেন বাংলাদেশের বিখ্যাত রোমান্টিক কবি।

নজরুলের অনেক প্রতিভা রয়েছে।
নজরুল রোমান্টিক।

নজরুলের রোমান্টিকতার সাথে তুলনা করা হয় Byron এর। এখানে Byron এর প্রতিভার সাথে নজরুলের প্রতিভার তুলনা করা হচ্ছে।

C) Proper noun এর আগে a/an বসে যখন এর দ্বারা নির্দিষ্টতা না বুঝিয়ে ঐ নামের কাউকে বুঝায়। যথা-

He is a Milton, I see.
An Ikbal came here.

উপরের sentence এ Milton দ্বারা কবি মিল্টনকে বুঝায়নি। বরং এর দ্বারা কবি মিল্টনের কাব্যের বৈশিষ্ট্য কে বুঝান হয়েছে। আবার দ্বিতীয় বাক্যে An Ikbal দ্বারা Ikbal কে নির্দিষ্ট করে বুঝায়নি। এর দ্বারা Ikbal নামের একজন ব্যক্তিকে বুঝান হয়েছে।

আবার, একই নাম দ্বারা পরিচিত এবং অপরিচিত উভয় বুঝায়।

A Parmita came here.
Parmita came here.

**ব্যাখ্যা:** প্রথম উদাহরণে Parmita দ্বারা একজন অপরিচিত মেয়েকে বুঝাচ্ছে। অর্থাৎ পারমিতা নামের একটি মেয়ে এসেছে। দ্বিতীয় বাক্যে Parmita দ্বারা কোন পরিচিত মেয়ে বোঝাচ্ছে।

প্রথম বাক্যের Parmita হল Common noun. আবার ২য় বাক্যের Parmita হল proper noun

D) নির্দিষ্ট নদীর নাম proper noun হলেও এর আগে article বসে। যথা-

The Padma.
The Thames.

E) দেশের নামের আগে article বসে না কারণ এগুলো proper noun কিন্তু দেশের বা সংস্থার নামকে সংক্ষেপে প্রকাশ করা হলে proper noun এর আগে article বসে। যথা- -

The UK includes England, Wales, Scotland, & North Ireland.
The USA is a rich country.
The UNO is situated in New York.

## Common/Class Noun

Commonly কোন কিছুর নামকে Common Noun।
যে Noun দ্বারা কোন ব্যক্তি বস্তু, স্থান ইত্যাদিকে নির্দিষ্টভাবে না বুঝিয়ে সামগ্রিকভাবে বুঝাবে তাকে common noun বলে। যথা:
Person - man, boy, girl, teacher, player.
Thing - book, pen, bus, car.
Place - country, town, village, capital.

**Difference - between Proper & Common nouns.**

| Common | Proper |
|---|---|
| Rahim<br>Royal Bengal | man<br>tiger |

| | |
|---|---|
| Dhaka | city |
| Bangladesh | country |

1: Common noun কে কখনও একক ব্যবহার করা যায় না। হয়ত article দিয়ে ব্যবহার করতে হয় না হয় plural এ ব্যবহার করতে হয়। যথা:

*Boy came here (ভুল)
The boy came here (সঠিক)
or, Boys came here.

**Common noun এর বৈশিষ্ট্য:**

1) এর দ্বারা এক জাতীয় পৃথিবীর সকলকে অন্তর্ভুক্ত করবে।

2) এর দ্বারা পৃথকভাবে কোন ব্যক্তি বা বস্তুকে বুঝাবে না।

3) এর আগে article বসবে।

4) এর plural form থাকবে।

**Example:**

Man, Pen, Book

Man বললে পৃথকভাবে কোন মানুষকে বুঝায় না বরং এর দ্বারা পৃথিবীর সকল মানুষকে অন্তর্ভুক্ত করে তেমনিভাবে pen দ্বারা পৃথিবীর যে কোন কলম, book বললে পৃথিবীর যে কোন বইকে বুঝায়। তাই Man, Pen, Book সব সময় Common হয়ে থাকে।

**Some more Examples:**

Noun, Pronoun, Adjective, verb, adverb, preposition, conjunction, interjection, determiner, house, computer, body, page, bird, cat, dog, animal, plant, watch, bus, car, train,

**Identification of Class or Common Noun:**

1) Common noun এর আগে হয়ত article থাকবে না হয় এটি plural এ ব্যবহৃত হবে।
The boy is honest.
Or, Boys are honest.

2) জাতিবাচক অর্থে man/woman এর পূর্বে the বসবে না। তবে এক্ষেত্রে A বসানো যেতে পারে। যথা-
Man is mortal.
Or, A man is mortal.
But, A man is known by the company he keeps. (সঠিক)
Or, Man is known by the company he keeps. (সঠিক নয়)

3) অনেক সময় common noun এর আগে article ও বসে না আর সেটি plural এ ও ব্যবহৃত হয়না।
Fish live in water.
Dog is a master-loving animal.

***-See Nesfield Grammar***

LearnEng with Shahan
Your English Planet

**Note:** Common noun singular হলে verb singular আর plural হলে verb ও plural হবে। যথা:
The boy is honest.
Boys are honest.

## Collective/Group Noun

যে noun দ্বারা কোন ব্যক্তি, প্রাণী, বা বস্তুর প্রত্যেককে পৃথক পৃথকভাবে না বুঝিয়ে এদের সমষ্টিকে বুঝায় তাদেরকে Collective noun বলে।

ব্যক্তি – Army, Police, Navy, Committee, People, Gang.

বস্তু - Class, Family, Membership, Court

প্রাণী – Flock, Herd

উপরের বাক্যে Herd ও Flock দ্বারা যথাক্রমে পাল অর্থ বুঝাচ্ছে। যেমন গরুর পাল, ছাগলের পাল, এর দ্বারা সহজেই গরু বা ছাগলের সমষ্টি বুঝাচ্ছে। একটি গরু বা ছাগলকে নয়। আবার এর দ্বারা পৃথিবীর সকল গরু বা ছাগলকেও বুঝাচ্ছে না। এর দ্বারা কেবল কতগুলো গরু বা ছাগলের সমষ্টিকে বুঝাচ্ছে। তাই herd ও flock এখানে collective noun.

আবার class বা শ্রেণী বলতেও একজাতীয় কতগুলো ব্যক্তির সমষ্টি বা family বলতেও একজাতীয় ব্যক্তিদের সমষ্টিকে বুঝাচ্ছে। সুতরাং এগুলোও collective noun.

### Collective Noun এর বৈশিষ্ট্য:

1) Collective noun আকারে singular হয়।

2) Collective noun দ্বারা সমজাতীয় ব্যক্তি বা বস্তুর সমষ্টি বুঝায়।

3) Collective noun এরপর verb singular বা plural উভয় হতে পারে।

4) Collective noun এর পূর্বে article বসতেও পারে নাও বসতে পারে। যথা

The class is divided into two parts.
People should stay here

### Collective Common noun এর মধ্যে পার্থক্য

আপাত দৃষ্টিতে collective ও common noun প্রায় একই ধরনের মনে হয়। কেননা collective noun মূলত common noun এরই একটা অংশ মাত্র। যথা army, Police.

এ দুটি শব্দ দ্বারা যথাক্রমে পৃথিবীর সকল Army কিংবা সকল Police কেই বুঝায়। এ দৃষ্টিকোন থেকে এ দুটি শব্দ common noun. কিন্তু তবুও এরা common noun নয়। তাই collective ও common noun এর মধ্যে পার্থক্য রয়েছে।

**মূল পার্থক্য:**

আমরা player বা খেলোয়ার বলতে পৃথিবীর যে কোন খেলোয়াড়কে বুঝি কিন্তু Team বললেই আমাদের মনে আসে কতিপয় খেলোয়ারের সমষ্টির কথা। কেননা কতিপয় খেলোয়াড় নিয়েই team গঠিত হয়। আবার Cow বলতে পৃথিবীর সকল গরুকেই বুঝায় তাই এটি common noun কিন্তু যখনই বলব herd তখনই মনে আসবে একটি পালের কথা। আর পাল মানেই কতিপয় গরু বা ছাগলের সমষ্টি। সুতরাং herd একটি collective.

| Common Noun | Collective Noun |
|---|---|
| Player<br>Cow, Goat,<br>Robber<br>Man<br>Sheep | Team<br>Herd<br>Gang<br>People<br>Flock |

## Difference between Common, Proper, and Collective nouns:

| Common/Class | Proper | Collective or Group |
|---|---|---|
| man, human, player, singer poet, fish | Rahim, Jack, Akram, Lara, Asif, Konak Champa, Nazrul, Milton, Byron, Hilsha, Salmon, Salman Sah, | People, Team, Group/band, shoal |

**Note:** সাধারণত people বললেই common noun এর sense আসে। কিন্তু গভীরভাবে ভাবলে দেখা যাবে people বলতে পৃথিবীর সকল মানুষকে না বুঝিয়ে কোন দেশ বা অঞ্চলের লোকজনকে বুঝায় পক্ষান্তরে Man বলতে কোন অঞ্চল বা দেশের মানুষকে বুঝায়না। তাই man একটি common noun আর people collective noun.

**Number of Collective Noun:**

Fowler তাঁর Modern English Usage বইতে সর্বাধিক ব্যবহৃত হয় এমন Collective noun এর সংখ্যা ২০০ বলে উল্লেখ করেছেন।

**Some Important Collective Nouns :**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Army<br>Team<br>Herd | People<br>Gang<br>Flock | Pride<br>Gaggle<br>Choir | Class<br>Baggage<br>Crew | Court<br>Bunch<br>Group | Company<br>Membership<br>Government, | Addience<br>Committee<br>Navy |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Jury | Police | Multitude | Family | Clan | Association | Luggage |

**Formation of group nouns:**

1 ) একক শব্দে group noun এর ব্যবহার ইতিপূর্বে আমরা দেখেছি। যথা। team, party.

2) কিন্তু অনেক সময় group meaning words + of + Common noun এ রূপে group noun গঠিত হয়।

| | |
|---|---|
| তারার শ্রেণি | A Constellation of stars |
| জাহাজ শ্রেণি | A Fleet of ships |
| নাবিক দল | A brood of chickens |
| এক পাল মুরগির বাচ্চা: | A crew of sailors |
| একদল খেলোয়াড় | A team of player |
| একটি মৌমাছির ঝাঁক: | A Swarm of bees. |
| এক ঝাঁক মাছ | A Shoal of fish |
| এক পাল কুকুরের বাচ্চা: | A litter of pupies. |
| এক পশলা বৃষ্টি | A shower of rain. |
| কতগুলো রমণী | A bevy of ladies. |
| একদল ছাত্র | A company of students. |
| এক শ্রেণী পর্বত | A range of mountains |
| দ্বীপপুঞ্জ | A group of islands |
| এক ঝাঁক পাখি | A flock of birds |
| একদল সৈনিক | A troop of soldiers |
| আবর্জনার স্তুপ | A heap of rubbish |
| এক তোড়া ফুল | A bunch of flowers |
| শস্যের আঁটি | A share of corns |
| গাছের সারি | A row of trees |
| একদল চোর/ডাকাত: | A gang of thieves/robbers |
| এক গোছা আঙ্গুর | A bunch of grapes |
| এক গোছা চাবি | A bunch of keys |
| এক আঁটি ছড়ি | A bundle of sticks |
| শিকারী কুকুরের পাল: | A pack of hounds |
| এক তোড়া ফুল | A bunch or bouquet of flowers |
| এক গাদা বই | A pile of books |
| একদল তীর্থযাত্রী | A band of pilgrims |
| | A pride of lions, A gaggle of gees ইত্যাদি। |

LearnEng with Shahan
Your English Planet

**লক্ষ্য করুন**: the Khans, the Talukders ইত্যাদি noun গুলো এক অর্থে proper noun কারণ এগুলো দ্বারা নির্দিষ্ট বংশকে বুঝাচ্ছে, আবার এগুলো collective noun কারণ এগুলো একই ধরনের কতিপয় ব্যক্তির সমষ্টি বুঝাচ্ছে।

**দেশ অর্থে Proper নাকি Collective?**

দেশের নাম দ্বারা দেশ বুঝালে এটি proper noun. এরপর শুধু Singular Verb বসবে।

England has a great tradition.
Australia was once ruled by England.

কোন দেশের নাম দ্বারা ঐ দেশের দল বুঝালে noun টি collective হয়ে যায়। এখন verb টি singular বা plural উভয় হয়।

England has/have played well against Australia, (GB)
England has played well against Australia. (US)
(England The English team)

Collective noun এর আগে সাধারণত the বসে। যথা:

The government has taken the decision.
The Police have arrested the criminal
The army are ready to help the civil administration

**The two ways of converting collective into common noun**

Collective Noun কে দুটি উপায়ে Common noun করা যায়।

1) Collective noun কে plural এ ব্যবহার করলে Common noun হয়ে যাবে।

2) Collective এর পূর্বে a/an বসালে তা Common noun হবে।

The **Committee consists** of 12 member
Collective

Many **Committees** were formed regarding BDR mutinity.
Common

15 people headed by a former secretary are a reliable **Committee**
Common

**Group Noun Used as Common Noun:**

আমরা 2.18. তে দেখেছি যে collective noun মূলত common noun থেকেই জন্মলাভ করেছে আর সে কারণে অধিকাংশ collective noun common noun হিসেবে ব্যবহৃত হতে পারে। bol

Hundres of people gathered there. (common)
Shakespeare is dear mainly to the English people. (Collective)
The students worked in group on philosophy.

The minority right groups. (common)

**Notes**: for more see a good Dictionary (Oxford or Longman)

কিন্তু Army, Police, Flock ইত্যাদি কিছু word সব সময় collective noun হয়। কখনও common হয় না।

noun + of + noun যোগে যে সকল collective noun গঠিত হয় সেগুলো noun+of ব্যতীত ব্যবহৃত হলে common noun হিসেবে বিবেচিত হয়।

**Common Noun**
Cows
Flowers
Trees

**Collective Noun**
Herd of cows
Bunch of flowers
Row of trees

**Proper Collective Noun:**

**সংজ্ঞা**

যে সকল noun proper ও collective উভয় noun এর কাজ করে তাকে Proper collective noun বলে। BBC, UN, Boyscout ইত্যাদি শব্দগুলো একটি নির্দিষ্ট অঙ্গ সঙ্গঠনের নাম বুঝাচ্ছে তাই এগুলো proper noun আবার এগুলো দ্বারা কতগুলো ব্যক্তির সমষ্টিকে বুঝাচ্ছে (যেমন BBC বলতে British সরকারে অধীনে কর্মরত এমন কিছু ব্যক্তির সমষ্টিকে আমরা বুঝে থাকি) তাই এগুলো collective noun. এখন এগুলোকে পৃথক পৃথকভাবে proper noun বা collective noun না বলে একত্রে proper collective noun বলতে পারি। অবশ্য কেউ এগুলোকে পৃথক পৃথকভাবে proper noun বা collective noun ডাকলে তা দূষণীয় হবে না।

*-See Cobuild Dictionary*

**Verbs with group or Collective noun:**

Collective noun যদি subject হয় তখন British English এ verb singular বা plural উভয়ই হয় কিন্তু American English এ verb কেবলমাত্র singular এ ব্যবহৃত হয়।

The government has decided on the member. (Both British & American)
The group is/are made up of 5 members. Only British
The government have decided. Only British *-See Oxford Dictionary & MEU2.28*

Collective noun কে যদি এক একটা unite হিসেবে বিবেচনা করা হয় তাহলে verb singular হবে। তবে এক্ষেত্রে দলের আকার, প্রসাধন অথবা কীভাবে এটাকে অন্যের সাথে তুলনা করে তা উল্লেখ থাকে।

The Jury consists of twelve persons. *-Fowler & Nesfield*

প্রাণহীন Collective noun subject হলে তারপর verb সব সময় singular হয়।

The luggage of the girl is heavy.
The baggage is not mine.

See MEU by Fowler

people, police livestock, cattle, poultry শব্দগুলোর পর সব সময় plural verb ব্যবহৃত হয়। (►)

People are learning technology.
The police are training.

Collective noun এর সাথে s/es থাকলে তারপর verb অবশ্যই plural হবে। যথা MU

The two groups of the students are (not is) playing.
*The two groups is playing.

**Material or (sometimes) Mass Noun:**

সংজ্ঞা: যে Noun কে গণনা করা যায় না কিন্তু ওজন করা যায় তাকে Material noun বলে। যথা water, milk, gas, wine.

ব্যাখ্যা:

water, milk, gas, wine বা মদ এই শব্দগুলোকে গণনা করা যায় না কিন্তু এগুলোকে ওজন করা যায়। যথা ১ লিটার দুধ, ১ ব্যারেল গ্যাস, ১ বোতল মদ ইত্যাদি। তাই এ শব্দগুলো material noun.

**Features of Material Noun:**

১) এটি গণনা করা যাবে না
২) এটি ওজন হিসেবে ব্যবহৃত হবে
৩) এটির plural form হবে না
৪) এটির আগে article বসবে না

**Material Noun with or without Article:**

A) Material noun এর আগে article বসে না।

water is seen in the rivers.
I like cow's milk.

B) Material noun এর আগে একটি modifier বসিয়ে তার আগে article বসানো যায়।

যথা: A bottle wine.
One Kg rice.
A glass water.

C) Material noun এর পূর্বে modifer বসিয়ে সেই modifer এর আগে of বসানো যায়। যথা

A glass water
Or. A glass of water-bon
A bottle wine
Or, A bottle of wine.

**Material Noun as Common Noun:**

একই শব্দ sense অনুযায়ী material ও হতে পারে আবার common noun ও হতে পারে।
Fish live in water. Fish is good for food.

প্রথম বাক্যে fish দ্বারা পৃথক মাছ বুঝাচ্ছে তাই এটি common noun. দ্বিতীয় বাক্যে fish দ্বারা মাছের শরীর কী দ্বারা গঠিত তা বুঝাচ্ছে। তাই এটি material noun. *-JC Nesfield*

Glass দ্বারা গ্লাস বা পানি নেওয়ার উপকরণ বুঝালে তা Common noun কিন্তু glass দ্বারা কাঁচ বুঝালে তা material noun.

I bought a beautiful glass.
Glass is made into bottlesed

∑ এরূপ একই শব্দ অর্থের পরিবর্তন সহ কিংবা ছাড়াই common কিংবা Material উভয় noun হিসেবে ব্যবহৃত হতে পারে, সে জন্য oxford কিংবা Longman এর মত কোন ভাল Dictionary অনুসন্ধান করা যেতে পারে।

**Note:** Common noun যে জিনিস দিয়ে তৈরি হয় সেটি Material noun.

**Note:** Material noun subject হলে তারপর verb singular হয়।

Rice, Sugar etc.

Rice, Sugar ইত্যাদি দ্রব্য একটু একটু করে গণনা করা যাবে কিন্তু বাস্তব জীবনে কেউ চাল কিংবা চিনি গণনা করে থাকে না তাই এগুলো Material noun.

**Money**

আবার money বা টাকা গণনা করা যায় আর আমরা দৈনন্দিন জীবনে টাকা গণনা করেই কার্য সমাধা করে থাকি কিন্তু আমরা একটি পয়সা, দুটি পয়সা এভাবে গননা করি না। তাই এটিও Material noun. কেননা Money দ্বারা টাকা বা পয়সা উভয়ই বুঝায়।

LearnEng with Shahan
Your English Planet

## Abstract Noun:

সংজ্ঞা: যে noun কে ধরা ছোঁয়া দেখা কোনটাই করা যায়না কেবলমাত্র যাকে কল্পনা বা চিন্তা করা যায় তাকে abstract noun বলে।

Kindness is a great virtue. (দয়া মহৎ গুণ)
I want no love.

উপরের ১ম বাক্যে kindness বা দয়া ধরা বা দেখা যায় না আবার love বা ভালবাসাকেও ধরা বা দেখা যায় না অথচ দুটি শব্দকেই কেবল কল্পনা করা যায়। তাই kindness ও love হল Abstract noun.

### Properties of Abstract Noun:

Abstract এর বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

1) Abstract noun এর দেহ বা আকার থাকে না
2) Abstract noun কে ধরা যায়না, ছোঁয়া যায় না, কেবল কল্পনা করা যায়।
3) Abstract noun এর আগে কখনও article বসে না আর বসলে common noun হয়ে যায়।
4) Abstract noun plural এ ব্যবহৃত হয় না।

## Formation of Abstract Noun

Abstract noun তিনটি উপায়ে গঠিত হয়।

1) Common noun হতে গঠিত হয়
2) Adjective হতে গঠিত হয়
3) verb হতে গঠিত হয়

**Note: 1**

Common noun এর পরে hood, ship, ism যোগ করে abstract noun গঠন করা যায়। যথা-

**Common noun**
Boy
Friend
Hero

**Abstract noun**
Boyhood - বাল্যকাল
Friendship - বন্ধুত্ব
Heroism – বীরত্ব

**Note:**

Adjective এর শেষে। থাকলে। এর পরিবর্তে ce বসালে Abstract noun হয়। যথা

**Adjective**
Important (গুরত্বপূর্ণ)
Intelligent (বুদ্ধিমান বা বুদ্ধিমতি)

**Abstract noun**
Importance (গুরুত্ব)
Intelligence (বুদ্ধি)

এর শেষে। থাকলে cy বসালে তা Abstract noun হয়। যথা

**Common noun**
Agent (প্রতিনিধি)
Infant (শিশু)

**Abstract noun**
Agency (প্রতিনিধিত্ব)
Infancy (শৈশব)

**Note:**

verb এর সাথে tion, sion যোগ করে Abstract noun গঠন করা হয়।

| **Verb** | **Noun** |
|---|---|
| Translate (অনুবাদ করা) | Translation (অনুবাদ) |
| Permit (অনুমতি দেওয়া) | Permission (অনুমতি) |
| Amplify (সম্প্রসারিত করা) | Amplification (সম্প্রসারণ) |

**Abstract Becomes Common:**

অর্থ: একই word তাদের ব্যবহার অনুযায়ী common noun হতে পারে আবার Abstract noun ও হতে পারে। যথা

**Justice:**

1) বিচারক হওয়ার গুণ - Abstract
2) বিচারক - Common

**Beauty:**

1) সুন্দর হওয়ার গুণ বা অবস্থা- Abstract
2) সুন্দর ব্যক্তি Common

**Authority:**

1) আদেশ দেওয়ার ক্ষমতা বা অধিকার - Abstract
2) কর্তৃপক্ষ- Common

**Nobility:**

1) মহৎ হওয়ার গুণ- Abstract
2) সম্ভ্রান্ত শ্রেণি- Common

**Witness:**

1) সাক্ষী Common
2) সাক্ষ Abstract

**Example Sentences:**

This is a law based on the principles of justice. (এটি একটি বিচারের নীতির ওপর ভিত্তি করে গঠিত আইন)

The beauty of her charmed me.
abstract

She is a beauty. (সে একজন সুন্দরী ব্যক্তি)
common

You have the authority of my guardion over me. (আমার উপর আপনার অভিবাবকের কর্তৃত্ব আছে)
abstract

The authorities of different universities will requit new professors.
She entered into a nobility. (common)
(সে সম্ভ্রান্ত পরিবারে প্রবেশ করেছে)

His nobility charmed the girl. (তার মহানুভবতা মেয়েটিকে মুগ্ধ করেছে)
common

He is a witness of the murder.
common

Witness of different people is needed for the murder.

এতক্ষণ আমরা দেখলাম একই Word একবার Common Noun আবার Abstract Noun হিসেবে ব্যবহৃত হতে পারে।

LearnEng with Shahan
Your English Planet

Ways of Converting Proper, Material & Abstract into Common Nouns:
There are two ways in which a proper, material, or Abstract noun can be used as a common noun. (দুটি উপায়ে proper, material ও Abstract noun কে common noun এ রূপান্তর করা যায়।)

1) এর আগে Article বসিয়ে

2) এটিকে plurai ব্যবহার করে।

**Proper noun**
Shelly was an atheist poet,

**Abstract noun**
Kindness is a great virtue

**Common**
A Shelly came here

**Common**
Communists are Shellies.

**Abstract noun**
The kindness of her is praiseworthy.

## Some Hints on Nouns

1) Material noun দিয়ে কোন পদার্থের অখ- নাম বুঝায়। এ Noun দিয়ে যে সব বস্তু তৈরী হয় সেগুলো common noun হয়ে যায়। যথাঃ

The axe is made of steel. (Common)

2) Earth, Sun, Moon প্রভৃতি কেবল একটা করে আছে বিধায় কেউ কেউ এগুলোকে Proper Noun ধরে থাকে। এগুলোর প্রথম অক্ষর উভয় letter এর হয়ে থাকে। sun এবং moon এর আগে সব সময় the বসে। earth এর আগে the বসতেও পারে নাও বসতে পারে।

The sun is a large star.
The moon gives lights the earth.

3) Earth মাটি অর্থে ব্যবহৃত হলে material noun হয়।
The pot is made from earth.

4) Sun সূর্য অর্থে proper noun কিন্তু জ্যোতিস্ক অর্থে ব্যবহৃত হলে তা common noun হয়।
The fixed stars have so many suns.

5) Moon উপগ্রহ অর্থে ব্যবহৃত হলে তা common noun কিন্তু চন্দ্র অর্থে ব্যবহৃত হলে তা proper noun হয়।
Other planets have also moons like the earth. (Common)
The moon shines at night. (Proper)

LearnEng with Shahan
Your English Planet

## Substitute of a Noun:

নিচের শব্দগুলো noun এর পরিবর্তে বসতে পারে।
1) Pronoun: Your pen is red, mine is a blue one. (pen)
2) Adjective noun হিসেবে বসতে পারে।
The blind receive their sight.
blind men
The rich are not always happy.
rich people

3) Infinitive: To walk is a good habit।

4) Gerund: Walking is a good practice.

5) Phrase: No one knew how to do this.
the method of doing this

6) Noun clause: We know that he is honest.

**Other parts of speech এর noun হিসেবে ব্যবহার:**

1)Adjective: He is poor.
adj.
Mr Matin likes the poor.
noun

2) Verb: Don't try to cheat anyone.
verb
I want to punish cheats.
noun

3) Adverb: He is at home.
noun

I went home.
adverb

4) Preposition/Adverb
Come in.
adv.
I know the ins and outs of the mother.
noun

5) Conjunction: He is poor but honest.
conjunction
There's no but in it.
Noun

LearnEng with Shahan
Your English Planet

## কোন কোন সময় একই শব্দ এক বার common noun আবার abstract noun/Material Noun হিসেবে ব্যবহৃত হয়। যথা:

### BEAUTY

এর অর্থ যখন সৌন্দর্য তখন abstract noun হবে। যথা:

The beauty of the girl charmed me. (মেয়েটির সৌন্দর্য আমাকে মুগ্ধ করেছে)

এর অর্থ যখন সুন্দরী মেয়ে তখন Common noun হবে।

Nafisa is a beauty in this school. (এই স্কুলে নাফিজা একটি সুন্দরী মেয়ে) ----Oxford Dictionary

## FISH:

এর অর্থ মাছ বুঝালে এটি common noun হবে।
Fish are plenty in this pond. (এই পুকুরে প্রচুর মাছ আছে)

এর অর্থ রান্না করা মাছ/ মাছকে খাবার হিসেবে ব্যবহার করা হলে Material noun হবে। J.C. Nesfield
Fish is my favourite food. (মাছ আমার প্রিয় খাদ্য)

অর্থাৎ এখানে Fish বলতে কোন প্রাণীকে বুঝান হয়নি। বরং Fish এখানে খাদ্য হিসেবে বিবেচনা করা হচ্ছে।

## Country as Proper Noun

কোন দেশের নাম হল proper noun. তাই এর পূর্বে article বসে না। এবং এর plural ও হয় না। কিন্তু দেশ যদি সংক্ষিপ্ত শব্দের সাহায্যে গঠিত হয় তখন তার পূর্বে the বসে।

The UK, The USA, The UAE, The USSR

আবার নিচের proper noun গুলো তাদের পূর্বে the গ্রহণ করে এবং সাধারণত plural হিসেবে ব্যবহৃত হয়।

| | | | |
|---|---|---|---|
| The Weast Indies<br>The Sudan<br>The Yemen | The Netherlands<br>The Channel Islands<br>The Philiphines | The maldives<br>The Hague<br>The Bhamas | The Canaries<br>The British Isles<br>The Kongo |

Sun/Moon/Earth কেবল একটি তাই এরা plural হিসেবে বিবেচিত হয়। তবে এদের পূর্বে article (the) বসে, এদের প্রথম অক্ষর যে কোন letter এর হতে পারে।
The Moon or the moon
The Sun or the sun
The Earth or the earth

**Note:** earth এর পূর্বে the বসানো optional.
The earth moves round the sun
Life on earth is becoming tough.

**Common noun without article**
সচরাচর common noun যদি singular এ ব্যবহৃত হয় তখন অবশ্যই এর পূর্বে article থাকে।

A man came here.

কিন্তু নিচের কয়েকটি ক্ষেত্রে common noun singular হলেও এর পূর্বে কোন article বসে না।

(1) go/come এর পর by থাকলে
He went by bus.
I come here by Rickshaw.

(2) bed এর পূর্বে in থাকলে
He is in bed.
He is on the bed.

(3) go/come এর পর school/college/university ব্যবহৃত হলে
He went to school.
তবে স্কুলে যাওয়ার প্রধান উদ্দেশ্য হল পড়া/পড়ানো, যদি প্রধান উদ্দেশ্য ছাড়া অন্য উদ্দেশ্যে যাওয়া বুঝায় তবে the বসে।
He went to the school to meet me.

(4) Father/mother দ্বারা যদি বাবা-মা বুঝায়।
Father came home.
Mother cooked rice.
তবে father অর্থ পিতৃত্ব mother অর্থ মাতৃত্ব বুঝালে এরা abstract noun. তাই এদের পূর্বে the বসে।
The mother rose in her.

(5) man ও woman দ্বারা মানবজাতি বুঝালে
Man is mortal.
Woman is soft-minded.

কিন্তু man/woman দ্বারা একজন পুরুষ/মানুষ বুঝালে the/a বসে।
A man came here.
The woman is very attractive.

## Partitive

যদিও piece of partitive অধিকাংশ uncount noun এর পূর্বে বসতে পারে, এটি কিন্তু plural count noun এর পূর্বে বসতে পারে না, সেক্ষেত্রে নিচের partitive গুলো ব্যবহৃত হয়
a large crowd of people
a huge flock of birds/sheep
a small herd of cattle
measure partitive singular/plural উভয় হতে পারে।
a gallon of water

two gallons of water

তবে দ্বিতীয় nounটি যদি countable হয় তবে অবশ্যই plural হবে।

one kilo of-apples
two killos of-apple

## More on Partitives:

| | |
|---|---|
| a block of ice | a stick of rack |
| a cut of lamb/meat | a strip of cloth/land/paper |
| a joint of meat (British) | a suit of clothing/cloths/armour |
| a lamp of coal | |
| a sheet of metal/ice | |
| a slice of cake/meat/bacon | |
| a speck of dust/dint | |

**Count**able **and Uncount**able **Noun**

কোন কোন noun countable ও না, আবার uncountable ও না যেমন-

weather, love, honesty তবে আমরা বলতে পারি না
a weather, a lot of weather

তবে noun গুলোর পূর্বে modifier বসিয়ে count uncount noun এ পরিণত করা যায়।

a lot of good weather uncount noun
some bad weather - CGEL
Go out in all weathers = count noun
In the worst of weathers CGEL
Cambridge International Corpus
Cambidge University যে সব Esol [English as second language) course (যেমন IELTS)

পরিচালনা করে তার আলোকে Cambridge Learner Corpus নামক একটি গবেষণা সংস্থা তৈরি হয়েছে। সে গবেষণা সংস্থা মতে জানা গেছে যে নিচের uncountable noun গুলোর ব্যাপারে এসব Advanced students প্রায়ই অসতর্ক থাকে। ফলে এসব পরীক্ষায় তারা প্রায়ই ভুল করে। আপনি যদি কোথাও IELTS/TOEFL এর Instructor হন, তবে এ তালিকা আপনাকে help করতে পারে।

| | | | |
|---|---|---|---|
| Information | Advice | Transport | Equipment |
| behaviour | research | training | knowledge |
| software | accommodation | | |

**Note:** নিচের uncount noun গুলোর count form লক্ষ্য করুন।

| **Uncount** | **Count** |
|---|---|
| Transport | method of transport |
| Behaviour | a gpe of behaviour |
| Software | a piece of software |

**A new change**

নিচের noun গুলো লক্ষ্য করুন

| | | | |
|---|---|---|---|
| soap | cake | chocolate | English |
| Potato | meat | | |

এ noun গুলোর ব্যাপারে বাংলাদেশি/ভারতীয় বইগুলোতে তেমন কোন তথ্য থাকে না।
BCGEI, Longman English Grammar by Alexander, Oxford Guide to English Grammar by John Eastwood, Practical English Usage by Michael Swan, সহ যে কোন ভাল লেখকের (বিদেশি) বইতে দেখবেন এ noun গুলো হল uncount noun তবে বাংলায় এগুলো আমরা count noun হিসেবে ব্যবহার করি।

আমি একটি চকলেট খাব

I will have a chocolate নয়।

I will have a piece of chocolate হবে।

তবে মজার বিষয় হল একেবারে recent সময়ে এ noun গুলো count বা uncount noun উভয় হিসেবে ব্যবহৃত হতে পারে। ফলে এসব noun এর পূর্বে a বসালে এখন আর ভুল বলা ঠিক হবে না। করণ ভাষা তো পরিবর্তনশীল। ফলে

I need a soap বা I need a piece of soap.

ভাষার নাম সব সময় uncount noun হিসেবে বিবেচিত হত। কিন্তু recent সময়ে count/uncount উভয় হিসেবে ব্যবহৃত হয়। যথা-

He knows much English.ptoolrovo ad bon blirode zaitisadi ni goitulloq to

Or

He knows many Englishes.

এ সব বিষয়ের প্রমাণ চাইলে আপনাকে অতি সাম্প্রতিক সময়ের journal পড়তে হবে। swood) E অথবা Oxford/Longman/Cambridge Dictionary সর্ব শেষ edition দেখুন .

# Previous Years Questions for Practice

1. An antonym of 'Abstract' is-
[DU (C) 00-01, MBSTU (B) 11-12, RU (BBA) 09-10, (A3) 12-13] [IU (G) 12-13] Ans:b
a) Abuse
b) Concrete
c) Abstruse
d) Refrain

Ans.b

2.Noun কত প্রকার? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী-১১]
a) 5
b) 6
c) 4
d) 3

Ans:a

3. কোনটি parts of speech নয়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে নিয়োগ-১৪]
a) noun
b) pronoun
c) gerund
d) verb

Ans:c

4. A noun that names a general class of person, place or things is a-[বাংলাদেশ ব্যাংক-০১]
a proper noun
b) general noun
c) perfect noun
d) common noun

Ans:d

5. What kind of noun is 'river'? [ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফোরম্যান-১৯]
a) Material
b) Collective
c) Proper
d) Common

Ans:d

6. What kind of noun is 'man'? [রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)-০৬, সহকারী সাইফার অফিসার-১৭]
a) Proper
b) Common
c) Collective
d) Material

Ans:b

7.What kind of noun is 'Girl'?
[10th BCS, HSTU (B) 08-09, SUST (B) 08-09, COU (B) 09-10,RU (F1) 11-12, IU (G) 12-13, BRUR (D) 14-15, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-১৬, জুনিয়র পরিসংখ্যান সহকারী-২০] [প্রাথমিক প্রধান শিক্ষক (শিউলী)-০৯, প্রাক-প্রাথমিক সহ: শিক্ষক (ঝিলাম)-১৩]
a) Proper noun
b) Common noun
c) Material noun
d) Collective noun

Ans:b

8. The poor always honour the rich. [KU (A) 08-09]
a) noun
b) adjective
c) adverb
d) pronoun

Ans:a

9. A herd of cattle is passing. The underlined word here is-[জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহ: পরিচালক-০৯]
a) adjective
b) common noun
c) collective noun
d) abstract noun

Ans:c

10. Questions will be answered by a - of experts. [উত্তরা ব্যাংক লি. অফিসার (ক্যাশ)-১৭]
a) panel 100rb
b) staff
c) bunch
d) band

Ans:a

LearnEng with Shahan
Your English Planet

11. What is the collective noun for a group of young partridges?
[সহকারী থানা শিক্ষা অফিসার-৯৯]
a) gaggle
b) covey
c) flock
d) school

Ans:b

12. 'Water' is a - noun. [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর-১৯]
a) proper
b) common
c) material
d) abstract

**Same:**
The word 'Gold' is a noun. [NSI-এর সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর-১৭]
a) proper
b) common
c) material
d) abstract

LearnEng with Shahan
Your English Planet

Ans:c

13. What type of the noun the word 'Rice' is?
[চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান-১৯]
a) Proper noun
b) Common noun
c) Abstract noun
d) Material noun

**Same:**
'Salt' কোন noun? [প্রাথমিক প্রধান শিক্ষক-৯৪]
a) Proper noun
b) Common noun
c) Abstract noun
d) Material noun

Ans:d

14. Without health there is no happiness. এখানে happiness শব্দটি-
[প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা)-১০]

a) Proper noun
b) Common noun
Collective noun
d) Abstract noun

Ans:d

15. What kind of noun is 'Discipline'?
[IU 06-07, DPE সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটাগার কাম হিসাবরক্ষক-১৮]
a) Abstract noun
b) Collective noun
c) Proper noun
d) Common noun

Ans:a

16. 'Forgiveness is a great virtue.' বাক্যে forgiveness শব্দটি কোন প্রকারের noun?
[প্রাথ: সহ: শিক্ষক-০৫]
a) Proper Noun
b) Common Noun
c) Abstract Noun
d) Collective Noun

Ans:c

17. The word 'Agency
(এজেন্সি-প্রতিনিধিত্ব)' is a/an -[IU (5) 10-11, JKKNIU (গ) 16-17]
a) Common noun
b) Collective noun
c) Proper noun
d) Abstract noun

Ans:d

18. Which one is an abstract noun?
[সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)-১৯]
a) Class
b) Rice
c) Intelligence
d) Team

Ans:c

19. Which one is a material noun?
[সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)-১৯]
a) Group
b) Meat
c) Seriousness
d) Party

Ans:b

20. What kind of noun is the word 'kindness'?
[সমবায় দপ্তরের দ্বিতীয় শ্রেণির গেজেটেড অফিসার-৯৭, থানা সহকারী শিক্ষা অফিসার-০৪, কারা তত্ত্বাবধায়ক-০৬, JU (H) 14-15, বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স অফিসার-১৭, RU (E) 17-18]
a) Proper
b) Common
c) Abstract
d) Material

Ans:c

21. Which of the following is not a collective noun?
[সহকারী রাজস্ব কর্মকর্তা (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী)-১৫]
a) Navy
b) Public
c) Love
d) Orchestra

Ans:c

22. Which of the following is not a collective noun?
[জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা [IU (G) 16-17] -১৫]
a) Class
b) Audience
c) Peer
d) Public

Ans:c

23. কোনটি Abstract Noun?
[রেজি: প্রাথ:সহ: শিক্ষক (হাসনাহেনা)-১১, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের ডাটা এন্ট্রি অফিসার-১২]
a) Manhood
b) Friend
c) Fleet
d) Anwar

Ans:a

24.কোনটি Common Noun?
[প্রাথমিক সহকারী শিক্ষক (কর্ণফুলী)-১২, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের ডাটা এন্ট্রি অফিসার-১২]
a) Truth
b) Bank
c) Victory
d) Length

Ans:b

25. Which one is a collective noun? [৭ম প্রভাষক নিবন্ধন-১১]
a) friendship
b) gang
c) doctor
d) honesty

Ans:b

26. The charity of Hatem Tai is known to all. The underlined word is-
[HSTU (D) 14-15]
a) material noun
b) common noun
c) abstract noun
d) collective noun

LearnEng with Shahan
Your English Planet

**Same:**

The charity of Hatem Tai is known to all. The word 'charity' is-
[সহ: থানা শিক্ষা অফিসার-১০]
a) material noun
b) common noun
c) abstract noun
d) collective noun

Ans:b

27. They praised the honesty of the girl. Here the underlined word is a/an-[বিআরটিএ'র মোটরযান পরিদর্শক-১৭]
a) material noun
b) abstract noun
c) common noun
d) proper noun

Ans:c

28. Our class consists of twenty public. Here 'public' is an example of -[JU 09-10]
a) Common noun
b) Proper noun
c) Collective noun
d) Abstract noun

Ans:a

29. There are ten classes in our school. What kind of noun is the word 'class'[KUET 06-07]
a) abstract noun
b) common noun
c) collective noun
d) noun of multitude

Ans:b

30. কোনটি Abstract noun? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (বুড়িগঙ্গা)-১৩, পরিবার পরিকল্পনা পরিদর্শিকা প্রশিক্ষণার্থী-১৫]
a) Long
b) Height (হাইট)
c) Man
d) Jury

Ans:b

31. নিচের কোনটি Abstract Noun এর উদাহরণ?
[প্রাথমিক প্রধান শিক্ষক (জবা)-০৯]
a) Child
b) Boy
c) Family
d) Childhood

**Same:**
Which of the following is abstract noun?
[RU 06-07, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী-১৩]
a) Child
b) Boy
c) Family
d) Childhood

LearnEng with Shahan
Your English Planet

Ans:d

32. Would you like to have - tea?
[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক-১৩]
a) a little
b) any
c) some
d) a cup of

Ans:d

33. A lot of food was prepared, but hardly any of it was eaten.
Here the underlined word can be substituted with -
[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট-১৫]
a) little
b) a little
c) few
d) a few

Ans:a

34. He has hardly any money on him. Underlined word means –
[JnU (D) 12-13]
a) very little
b) Nothing
c) few
d) enough

Ans:a

LearnEng with Shahan
Your English Planet

35. There is milk in the bottle.
[DU A 12-13, ১৩তম শিক্ষক নিবন্ধন-১৬, সমাজসেবা অধিদপ্তরে ফিল্ড সুপাইভাইজার-১৭]
a) very few
b) any
c) very little
d) many

Ans:c

36. He has - friends in Chicago.
[CU (G) 14-15]
a) few
b) few of
c) a lot

d) much
e) much of
Ans:a

37. There is - hope of her recovery.
[RU (D) 18-19]
There is - hope of his recovery.
[DU (B) 10-11]
a) many
b) little
c) very
d) few

Ans:b

38. She sold - milk.
[RU (সমাজবিজ্ঞান) 09-10, IU (F) 15-16]
a) little/a little
b) small
c) least
d) heavy

Ans:a

39. Few men are free from faults. Here 'few' means
[বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় ১৫-১৬]
a) some
b) not much
c) hardly any
d) None

Ans:c

40. তার কোনো বন্ধু নেই বললেই চলে।
[৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন-১০, ১১তম শিক্ষক নিবন্ধন (২)-১৪, RU (F, অবিজ্ঞান) 16-17]
a) He has a few friends.
b) He has no friends
c) He has few friends.
d) He has the few friends.

Ans:c

41. There is - water/milk in the glass.
[RU (F-অবিজ্ঞান) 15-16, প্রাথমিক সহকারী শিক্ষক (১ম পর্যায়)-১৯]
a) a little
b) a big amount
c) much
d) small

**Same:**

She wants to satisfy her thirst. But there is - water in the glass.
[CU (B26) 14-15]
a) a little
b) a big amount
c) much
d) small

Ans:a

42. Tamara speaks very - Russian, but she knows - words.
[IU (B) 11-12]
a) little, a little
b) little, a few
c) few, little
d) a few, few

Ans:b

43. I have got - friends, so I am not lonely.
[CU (B) 11-12]
a) a little
b) little
c) few
d) fewer
e) a few

Ans:e

44. The glass on the table contains - water.
[NU (বাণিজ্য) 06-07]
a) a little
b) a few
c) many
d) several

Ans:a

45. I would like – salt in my vegetables.
[CU (D) 11-12]
a) few
b) a few
c) a littled
d) many

Ans:c

46. I am going to buy - bread for breakfast.
a) two
b) the
c) some
d) lot

Ans:c

47. I have - new books at home.
[পিটিআই এর ইনস্ট্রাক্টর-০৬]
a) some
b) any
c) little
d) done

Ans:a

48. The expression 'a lot of means-
[RU (A, জোড়) 15-16]
a) an unexpected of
b) a large number or amount of
c) excessive
d) hugely

Ans:b

49. There are - dangerous drivers.
[24th BCS, সংস্থাপন মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা-০৭, IU (G) 13-14]
a) a very lot of
b) a lot of
c) very much of
d) very many of

Ans:b

50. I have - interest in the matter.
[24th BCS, বিসিকের ১৩-১৬তম গ্রেডের কর্মচারী-১৯]
a) some
b) any
c) none
d) no

Ans:d

51. A person of - age may suffer from defects of vision.
[সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-১৩]
a) every
b) any
c) certain
d) some

Ans:b

52. They have - children.
[গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)-১৮]
a) no
b) none
c) not
d) nothing

**Same:**

Fill in the blank. We received - reply.
[সিনিয়র স্টাফ নার্স-১৮]
a) no
b) none
c) not
d) nothing

Ans:a

53. Hasan has read most of the - of Shakespeare. [42nd BCS]
a) poem
b) play
c) drama
d) works

Ans:d

LearnEng with Shahan
Your English Planet

54. I need - milk.
[রেলপথ মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী-১৭, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর-২১]
a) a few
b) a little
c)ba hot
d)a lot

Ans:b

55. What kind of noun is 'knowledge'?
[BSMRSTU (C) 18-19, দুদকের উপ-সহকারী পরিচালক-২০]
a) Proper
b) Material
c) Abstract
d) Common

Ans:c

56. I need some-- .The correct answer is
[পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা-১৯]
a) advises
b) advice
c) advices
d) advise

Ans:b

LearnEng with Shahan
Your English Planet